দৈনিক জনকণ্ঠ

MAY 28 2002

তারিখ ...
পৃষ্ঠা 9 ... কলাম ... 3

# ছাত্রদল ঢাবি ক্যাম্পাসে ছাত্রলীগ কর্মীকে প্রহার করেছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদলের ক্যাডাররা সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের দুই কর্মীকে বেদম প্রহার করেছে। এই ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জিয়াউর রহমান নামে এক ছাত্রদল কর্মীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করেছে।

ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসীন হলের সম্মেলন উপলক্ষে ছাত্রলীগ কর্মী এহসান ও পারভেজ ক্যাম্পাসে আসে। এ সময় এফ রহমান হলের ছাত্রদল ক্যাডার জিয়াসহ বেশ কয়েকজন এহসান ও পারভেজকে বেদম প্রহার করে।